ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৪৭৫

আগরতলা, ২২ আগস্ট, ২০২৫

## দক্ষিণ জেলার বিভিন্ন সীমান্ত গ্রাম পরিদর্শনে রাজ্যপাল



গতকাল রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু দক্ষিণ ত্রিপুরা জেলার বিভিন্ন সীমান্ত গ্রাম পরিদর্শন করেন এবং গ্রামবাসীদের সাথে কথা বলেন। তিনি প্রথমেই বিলোনীয়া মহকুমার দক্ষিণ মতাই গ্রাম পঞ্চায়েত পরিদর্শন করেন এবং পশ্চিম রাজনগর উচ্চ বিদ্যালয়ের মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে কৃষক, স্বসহায়কদলের সদস্য ও গ্রামবাসীদের সাথে মতবিনিময় করেন। তাদের বিভিন্ন সমস্যার ব্যাপারে খোঁজখবর নেন। তিনি সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের গ্রামবাসীদের সমস্যা সমাধানে উদ্যোগ নিতে বলেন। তারপর তিনি ভারতচন্দ্রনগর আরডি ব্লকের অন্তর্গত ঈশানচন্দ্রনগর পঞ্চায়েত এবং রাজনগর আরডি ব্লকের অন্তর্গত বাতিশা গ্রাম পঞ্চায়েত এবং রাজনগর গ্রাম পঞ্চায়েতের নাগরিকদের সাথে পৃথক পৃথক স্থানে মতবিনিময় করেন। তিনি গ্রামবাসীদের বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা নিতে পরামর্শ দেন। কৃষকদের আয় বৃদ্ধির লক্ষ্যে রাজ্যপাল তাদের কৃষিকাজে আধুনিক যন্ত্রপাতি ব্যবহার করতে এবং শূকর পালন, হাঁস পালন ইত্যাদি কাজ হাতে নেওয়ার পরামর্শ দেন। তিনি যুবক-যুবতীদের উপার্জনের লক্ষ্যে ড্রাইভিং শিখতে বলেন এবং নেশামুক্ত ত্রিপুরা গঠনের লক্ষ্যে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান।

সন্ধ্যায় বীরচন্দ্রনগরে একলব্য মডেল স্কুল পরিদর্শনের সময় রাজ্যপালকে এক দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে স্বাগত জানানো হয়। সেখানে দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলাশাসক মহম্মদ সাজ্জাদ পি, এডিএম হেমন্ত দেববর্মা, বিলোনীয়া মহকুমার মহকুমা শাসক দেবাশীষ দাস সহ অন্যান্য অতিথিগণ উপস্থিত ছিলেন।

*******